

## B.A. 6th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাধারণ)

Course: SEC-4

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (খ) উদাহরণ সহযোগে ক্রোড়পত্র কাকে বলে বুঝিয়ে দাও।
- (গ) রাজনৈতিক প্রতিবেদন কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ঘ) প্রতিবেদনের শিরোনাম কাকে বলে? প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?
- (ঙ) একটি আদর্শ প্রতিবেদনে কী কী গুণ থাকা একান্ত প্রয়োজন?
- (চ) অনুচ্ছেদ-এর দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ছ) অনুবাদ কাকে বলে? অনুবাদ কয়প্রকার ও কী কী?
- (জ) ভাবানুবাদ বলতে কী বোঝো?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) তোমার এলাকায় রাস্তাঘাট ভেঙে গেছে। এর মেরামতির আবেদন জানিয়ে পঞ্চায়েত প্রধান/পুরপ্রধানকে একটি পত্র লেখো।
- (খ) মোবাইল ব্যবহারের কুফল ও তার প্রতিকারের কথা জানিয়ে উপযুক্ত শিরোনামসহ সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) তোমার মহাবিদ্যালয়ের গ্রন্থাগারে প্রয়োজনীয় বই কেনার আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।
- (ঘ) অনুচ্ছেদ রচনা করো : একটি গাছ একটি প্রাণ

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) সমগ্র দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার আবেদন জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।
- (খ) উপযুক্ত শিরোনামসহ একটি ভয়াবহ রেল-দুর্ঘটনা সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) অনুচ্ছেদ রচনা করো : শিক্ষাবিস্তারে গণমাধ্যমের ভূমিকা

(ঘ) বাংলায় অনুবাদ করো :

Words have a lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm. Kind words do a lot of good. We can spoil a friend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word which costs nothing. A kind word is often more welcome than a costly present.

---